

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৮৩ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

আরবী

وَعَنِ ابنِ مَسعُودٍ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ إِنِّي لأَعْلَمُ آخِرَ أَهْلِ النَّارِ خُرُوجاً مِنْهَا وَآخِرَ أَهْلِ الجَنَّةِ دُخُولاً الجَنَّةَ رَجُلُ يَخْرُجُ مِنَ النَّارِ حَبْواً فَيقُولُ اللهُ _ عَنَّ وَجَدْتُهَا مَلأًى فَيَوْجِعُ، فَيقُولُ اللهُ _ عَنَّ وَجَدْتُهَا مَلأًى فَيَقُولُ فَادْخُلِ الجَنَّةَ فَيَاتِيهَا فَيُخَيَّلُ إِلَيْهِ أَنَّهَا مَلأًى فَيَرْجِعُ، فَيقُولُ : يَا رَبِّ وَجَدْتُهَا مَلأًى فَيَقُولُ : يَا اللهُ _ عَنَّ وَجَلَّ - لَهُ: اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ فَإِنَّ لَكَ مِثْلَ الدُّنيَا وَعَشَرَةَ أَمْتَالِ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْتَالٍ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْتَالٍ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْثَالِ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْتَالٍ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْتَالٍ الدُّنيَا فَيقُولُ : أَتَسْخَرُ بِي أَوْ تَضْحَكُ بِي وَعَشَرَةَ أَمْتَالٍ الجَنَّةِ مَنْزِلَةً مَنْولَ اللهِ عَشِرَةٍ أَمْتَالِ اللهِ عَلَيْ ضَحِكَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ فَكَانَ يَقُولُ لَلهُ ذَلِكَ أَدْنَى أَهْلِ الجَنَّةِ مَنْزِلَةً مَتفق عليه

বাংলা

(৩৮৮৩) ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, সর্বশেষে যে ব্যক্তি জাহান্নাম থেকে বের হয়ে জান্নাতে প্রবেশ করবে, তার সম্পর্কে অবশ্যই আমার জানা আছে। এক ব্যক্তি হামাগুড়ি দিয়ে (বা বুকে ভর দিয়ে) চলে জাহান্নাম থেকে বের হবে। তখন আল্লাহ আযযা অজাল্ল বলবেন, 'যাও জান্নাতে প্রবেশ কর।' সুতরাং সে জান্নাতের কাছে এলে তার ধারণা হবে যে, জান্নাত পরিপূর্ণ হয়ে গেছে। ফলে সে ফিরে এসে বলবে, 'হে প্রভু! জান্নাত তো পরিপূর্ণ দেখলাম।' আল্লাহ আয়যা অজাল্ল বলবেন, 'যাও, জান্নাতে প্রবেশ কর।' তখন সে জান্নাতের কাছে এলে তার ধারণা হবে যে, জান্নাত তো ভরে গেছে। তাই সে আবার ফিরে এসে বলবে, 'হে প্রভু! জান্নাত তো ভরতি দেখলাম।'

তখন আল্লাহ আয়্যা অজাল্ল বলবেন, 'যাও জান্নাতে প্রবেশ কর। তোমার জন্য থাকল পৃথিবীর সমতুল্য এবং তার দশগুণ (পরিমাণ বিশাল জান্নাত)! অথবা তোমার জন্য পৃথিবীর দশগুণ (পরিমাণ বিশাল জান্নাত রইল)!' তখন সে বলবে, 'হে প্রভু! তুমি কি আমার সাথে ঠাট্টা করছ? অথবা আমার সাথে হাসি-মজাক করছ অথচ তুমি বাদশাহ (হাসি-ঠাট্টা তোমাকে শোভা দেয় না)। বর্ণনাকারী বলেন, তখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এমনভাবে হাসতে দেখলাম যে, তাঁর চোয়ালের দাঁতগুলি প্রকাশিত হয়ে গেল। তিনি বললেন, এ হল সর্বনিম্ন



মানের জান্নাতী।

ফুটনোট

(বুখারী ৬৫৭১, মুসলিম ৪৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন